গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
হাটহাজারী, চট্টগ্রাম।
তথ্য বাতায়নঃ hathazari.chittagong.gov.bd

জানুয়ারী ,২০১৫ মাসে অনুষ্ঠিত উপজেলা আইন শৃংখলা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : মোহাম্মদ মোয়াজ্জম হোসাইন, উপজেলা নির্বাহী অফিসার ,হাটহাজারী,চট্টগ্রাম।
তারিখ ও সময় : ২১/০১/২০১৫ খ্রি: বিকাল ১০-০০ ঘটিকা।
স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, হাটহাজারী, চট্টগ্রাম।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট''ক''

সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে নবাগত বছরের শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরম্ন করা হয়। ডিসেম্বর'২০১৪ মাসে অনুষ্ঠিত উপজেলা আইন শৃংখলা কমিটির সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। উক্ত কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ হওয়ায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

সভায় নিমণবর্ণিত আলোচনা ও সিদ্ধামত্ম গৃহীত হয়।

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাসত্মবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | অফিসার ইনচার্জ, হাটহাজারী মডেল থানা সভায় ডিসেম্বর '২০১৪ মাসের অপরাধচিত্র সকলের জ্ঞাতার্থে উপস্থাপন করেন।<br>ডিসেম্বর,২০১৪ মাসের অপরাধ চিত্র:<br>১)রম্নজুকৃত মোট মামলার সংখ্যা : ২৭টি<br>অদ্য পর্যমত্ম রম্নজুকৃত মামলার সংখ্যা-১৯(মাদক-০৬, অন্যান্য-০৯, নাঃ শিঃ নিঃ-০১, সিঁধের চুরি-নাই, বিশেষ ক্ষমতা ০২, খুন-০১)<br>২)জানুয়ারী,১৫ মাসের মোট মামলার জের:১০৩(পুলিশ -৮৪ পরিবেশ-০৩,সিআইডি-১১,দুদক-০২,মাদক দ্রব্য-০৩)<br>মাদক উদ্ধারঃ-১১০পিচ ইয়াবা টেবল্যাট,দেশীয় তৈরী চোলাই মদ-২৩ লিটার,<br>ডিসেম্বর/২০১৪মাসে নিস্পত্তিকৃত মামলার সংখ্যাঃ-(সি এস-২১) ডিসেম্বর/১৪মাসে অপমৃত্যু মামলারম্নজুঃ-০২।জি আর মূলতবী-৩২২,সি আর মূলতবী-৩৭।জিআর প্রাপ্তি-৪১,জিআর তামিল-৪১,বর্তমানে মূলতবী-৩২২সিআর প্রাপ্তি-২৯,সিআর তামিল-২৯,বর্তমানে সিআর মূলতবী-৩৭, জিআর সাজা মূলতবিঃ-৪৫,সিআর সাজা মূলতবী-০৫,<br>জিআর সাজা প্রাপ্তি-নাই,জিআরসাজা তামিল-নাই,বর্তমনে জিআরসাজা মূলতবীঃ-৪৫,সিআর সাজা প্রাপ্তি-নাই,সিআর সাজা তামিল-নাই,সিআর সাজা মূলতবী-০৫ননএফআই আরঃ ৮ মামলায় ২৫ ব্যক্তির বিরম্নদ্ধে।কাঃবিঃ৫৪ধারাঃ ০৩ মামলায় ০৩জন।<br>অফিসার ইনচার্জ, হাটহাজারী মডেল থানা সভায় জানান যে, দুস্কৃতিকারীরা সত্তারঘাট থেকে বালু উত্তোলন করে বিভিন্ন জায়গায় বিক্রি করে থাকে। ১১ মাইল এলাকায় কবির চেয়ারম্যানের মোড়ে মাদকের স্পট রয়েছে। উক্ত মাদক উদ্ধারের বিষয়ে কার্যক্রম অব্যাহত আছে। উপজেলা আইন শৃংখলা কমিটির আগামী সভায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিসের দায়িত্বপ্রাপ্ত প্রতিনিধিকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। নাম্বারবিহীন সিএনজি চলাচল রোধে কার্যক্রম চলমান আছে। তাছাড়া মির্জাপুর ইউনিয়ন থেকে একজন গাঁজা সেবনকারীকে আটক করা হয়েছে। প্রত্যেক ইউনিয়নে ইউনিয়ন আইন শৃংখলা কমিটির সভার তারিখ নির্ধারনক্রমে জানানোর জন্য চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। | আগামী উপজেলা আইন শৃংখলা কমিটির সভায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিসের দায়িত্বপ্রাপ্ত প্রতিনিধিকে উপস্থিত থাকার জন্য পত্র দেয়ার সিদ্ধামত্ম গৃহীত হয়। অবৈধভবে বালু উত্তোলন বন্ধ,মাদক উদ্ধার, নাম্বারবিহীন সিএনজি চলাচল রোধে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, হাটহাজারী মডেল থানাকে অনুরোধ করা হয় এবং প্রত্যেক ইউনিয়নে ইউনিয়ন আইন শৃংখলা কমিটির সভার তারিখ নির্ধারণক্রমে জানানোর জন্য সিদ্ধামত্ম গৃহিত হয়। | ১.উপজেলা নির্বাহী অফিসার, হাটহাজারী,চট্টগ্রাম।<br>২.অফিসার ইনচার্জ, হাটহাজারী মডেল থানা.<br>৩.চেয়ারম্যান সকল)ইউ,পি। |
| ০২ | চেয়ারম্যান, শিকারপুর ইউ,পি সভায় সকলকে স্বাগত জানিয়ে বলেন,নজুমিয়াহাট বাজারে রাসত্মার উপর অবৈধ দোকান উচ্ছেদের বিষয়ে সহকারী কমিশনার(ভূমি) ও অফিসার ইনচার্জ, হাটহাজারী মডেল থানাকে এক সাথে কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হয়। বিভিন্ন অনুষ্ঠানে অবৈধভাবে বাজি ফুটানো,আবার শর্ট ক্রিকেট অনুষ্ঠানের নামে এলাকায় চাদাঁবাজি,জুয়াসহ অশস্নীল নাচ গান বন্ধের বিষয়ে সকল ইউপি চেয়ারম্যানকে একসাথে কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হয়। | নজুমিয়াহাট বাজারে অবৈধ দখলদার উচ্ছেদের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য সহকারী কমিশনার (ভূমি)কেঅনুরোধ করা হয় এবং বিভিন্ন অনুষ্ঠানে বাজি ফুটানো ,অশস্নীল নাচ-গান বন্ধ করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে ইউ,পি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। | ১.সহকারী কমিশনার(ভূমি)<br>২.চেয়ারম্যান(সকল) ইউ,পি |

| | | | |
|---|---|---|---|
| ০৩ | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, হাটহাজারী সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপেস্নক্স এর পশ্চিম পার্শ্বে হেরোইন সেবী কিছু লোক সন্ধ্যার পর ঘোরাফেরা করতে দেখা যায়। এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য কমপেস্নক্স এ হেরোইন সেবীদের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, হাটহাজারী মডেল থানাকে অনুরোধ করা হয়। | অফিসার ইনচার্জ, হাটহাজারী মডেল থানা |
| ০৪ | চেয়ারম্যান(ভারপ্রাপ্ত),গুমানমর্দ্দন ইউ,পি সভায় জানান যে, তাহার ইউনিয়নে এখনো পর্যমত্ম দুস্কৃতিকারীরা মেশিন দিয়ে অবৈধভাবে বালু উত্তোলন করছে। বালু উত্তোলন না করার জন্য নিষেধ করলে দুস্কৃতিকারীরা তাহাকে গুলি করবে বলে হুমকি প্রদান করেন। তিনি এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ এবং মোবাইল কোর্টের মাধ্যমে উক্ত বালু উত্তোলন বন্ধ করার জন্য অনুরোধ করেন।। | অবৈধ ভাবে বালু উত্তোলন বন্ধ করার বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য সহকারী কমিশনার (ভূমি) কে এবং হুমকি দাতাকে খুজে বের করে আইনের আওতায় আনার জন্য অফিসার ইনচার্জ, হাটহাজারী মডেল থানাকে অনুরোধ করা হয়। | ১.সহকারী কমিশনার (ভূমি) হাটহাজারী,চট্টগ্রাম।<br>২.অফিসার ইনচার্জ , হাটহাজারী মডেল থানা |
| ০৫ | চেয়ারম্যান,মেখল ইউ,পি জানান যে, সর্ত্তারঘাটের পার্শ্বে দুস্কৃতিকারী কর্তৃক বালু উত্তোলন করছে । অবৈধভাবে বালু উত্তোলন বন্ধ করার জন্য নিষেধ করা হলেও শুনেনা। তিনি অবৈধভাবে বালু উত্তোলনকারীদের তালিকা প্রেরণ করবেন মর্মে সভায় জানান। উত্তোলিত বালু নিলামের মাধ্যমে বিক্রির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার অনুরোধ করেন। | অবৈধ ভাবে বালু উত্তোলন বন্ধের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার সিদ্ধামত্ম গৃহীত হয়। | ১.সহকারী কমিশনার (ভূমি)<br>২.অফিসার ইনচার্জ, হাটহাজারী মডেল থানা । |
| ০৬ | চেয়ারম্যান,নাঙ্গলমোড়া ইউ,পি সভায় জানান অবৈধভাবে বালু উত্তোলন বন্ধের বিষয়ে ইতিপূর্বে একাধিকবার সিদ্ধামত্ম গৃহিত হলেও এ বিষয়ে কোন সুরহা হয়নি। ইউনিয়নে ০৬টি জায়গায় অবৈধভাবে বালু উত্তোলন ও বিক্রি হচ্ছে মর্মে সভাকে জানান। | অবৈধভাবে বালু উত্তোলন বন্ধের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধামত্ম গৃহীত হয়। | ১.সহকারী কমিশনার (ভূমি)<br>২.অফিসার ইনচার্জ, হাটহাজারী মডেল থানা । |
| ০৭ | চেয়ারম্যান,চিকনদন্ডি ইউ,পি সভায় জানান তাহার ইউনিয়নের বড়দিঘীরপাড় এলাকায় আগামী ০৪/০২/১৫খ্রি: তারিখে সুন্নি মতাদর্শ ভিত্তিক একটি মিলাদ মাহফিল অনুষ্ঠিত হবে । উক্ত মাহফিল সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়েন করার জন্য অফিসার ইনচার্জ,হাটহাজারী মডেল থানাকে অনুরোধ করেন । | প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়েন করার জন্য অফিসার ইনচার্জ, হাটহাজারী মডেল থানা কে অনুরোধ করা হয় | অফিসার ইনচার্জ, হাটহাজারী মডেল থানা |
| ০৮ | জনাব বাসমত্মী পালিত সভায় জানান যে, হাটহাজারী উপজেলায় মাদক থেকে পরিত্রাণ পাওয়া যাচ্ছে না। মাদকের বিষয়ে বিজ্ঞ আদালতে দায়েরকৃত যে সকল কাউন্টার মামলায় ডিবি ও থানাকে তদমেত্মর দায়িত্ব দেয়া হয়েছে ঐ সকল মামলায় দু'পক্ষ মিলে একসাথে প্রতিবেদন দাখিল করলে মামলা নিষ্পত্তিতে সুবিধা হয়।এ বিষয়ে পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | বিজ্ঞ আদালতে দায়েরকৃত কাউন্টার মামলায় একসাথে প্রতিবেদন দাখিলের বিষয়ে পদক্ষেপ গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, হাটহাজারী মডেল থানাকে অনুরোধ করা হয়। | অফিসার ইনচার্জ, হাটহাজারী মডেল থানা । |
| ০৯ | জনাব দিদারম্নল আলম বাবুল সভায় জানান যে, হাটহাজারী বাজারে প্রায় ১০০টি স্বর্ণের দোকান রয়েছে। উক্ত দোকানগুলির স্বর্ণের কারখানা এক জায়গায় হওয়ায় স্বর্ণ গলানোর কাজে ব্যবহৃত এসিডের পোড়া গন্ধে পরিবেশ দুষিত হচ্ছে। এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানান। তাছাড়া দোকানের সামনে অবৈধভাবে ভাসমান ব্যবসায়ী কর্তৃক দোকান বসালে ঐ দোকানদারকে মোবাইল কোর্টের মাধ্যমে জরিমানা করলে যানজট কম হবে মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয় এবং এ,এফ,আর, লিখে নাম্বারবিহীন অনেক সিএনজি অবৈধভাবে রাসত্মায় চলাচল করে। উক্ত সিএনজি চলাচল বন্ধ করার অনুরোধ করা হয়। | স্বর্ণ গলানোর ক্ষেত্রে যাতে পরিবেশ দুষিত না হয় এবং নাম্বারবিহীন সকল সিএনজি চলাচল বন্ধ করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, হাটহাজারী মডেল থানাকে অনুরোধ করা হয়। | অফিসার ইনচার্জ, হাটহাজারী মডেল থানা । |
| ১০ | জনাব মো: ইব্রাহীম মিয়া সভায় জানান যে, উপজেলায় অনুষ্ঠিত আইন শৃংখলা কমিটির সভায় গৃহিত সিদ্ধামত্মগুলি ইউনিয়ন পর্যায়ে ইউনিয়ন আইন শৃংখলা কমিটির সভায় উত্থাপনের গুরম্নত্বারোপ করেন। তাছাড়া রাত্রিকালীন চলাচলরত ভেন গাড়ী ও রিক্সা / ইঞ্জিনচালিত রিক্সায় হারিকেন বাতি না লাগানোর ফলে দুর্ঘটনা এবং যানজটের সৃষ্টি হওয়ায় এ বিষয়ে পদক্ষেপ গ্রহণের অনুরোধ করা হয়। | রাত্রিকালীন চলাচলরত ভেন গাড়ী ও রিক্সা /ইঞ্জিনচালিত রিক্সায় হারিকেন বাতি লাগানোর বিষয়ে পদক্ষেপ গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, হাটহাজারী মডেল থানাকে অনুরোধ করা হয়। | অফিসার ইনচার্জ, হাটহাজারী মডেল থানা । |
| ১১ | জনাব মো:আলী, সভাপতি,উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি সভায় জানান যে, হাটহাজারী উপজেলায় বর্তমানে মাদক ও বাল্য বিবাহ এর ঘটনা বেশী ঘটছে। তিনি মাদক ও বাল্য বিবাহ প্রতিরোধে ইউনিয়ন পর্যায়ে গণসচেতনতা মূলক সভা/সেমিনার করার বিষয়ে অভিমত ব্যক্ত করেন। | মাদক ও বাল্য বিবাহ প্রতিরোধে ইউনিয়ন পর্যায়ে গণসচেতনতা মূলক সভা/সেমিনার করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সকল ইউ,পি চেয়ারম্যানকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান(সকল)ইউ,পি। |
| ১২ | ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ সভায় জানান যে, চট্টগ্রাম - অক্সিজেন হতে হাটহাজারী পর্যমত্ম সড়কটি বর্তমানে চার লেনে | গাড়ী পার্কিং না করার বিষয়ে পদক্ষেপ গ্রহণের জন্য অফিসার ইনচার্জ | অফিসার ইনচার্জ হাটহাজারী মডেল থানা। |

| | | | |
|---|---|---|---|
| | উন্নীতকরণের কাজ চলমান আছে। সড়কটির যতটুকু অংশ চার লেনে উন্নীত হয়েছে উহাতে বিভিন্ন গাড়ী পার্কিং করে থাকায় যানজটের সৃষ্টি হচ্ছে। এ বিষয়ে পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | হাটহাজারী মডেল থানাকে অনুরোধ করা হয়। | |
| ১৩ | চেয়ারম্যান,উপজেলা পরিষদ সভায় জানান যে, হাটহাজারী উপজেলায় অবৈধভাবে বালু উত্তোলন বৃদ্ধি পাচ্ছে । সংশিস্নষ্ট ইউ,পি চেয়ারম্যানগণ থেকে অবৈধভাবে বালু উত্তোলনকারীদের তালিকা সংগ্রহ করে অভিযান পরিচালনা করার জন্য এবং মাদকের বিরম্নদ্ধে অভিযান পরিচালনা করার জন্য অনুরোধ করা হয়। অবৈধভাবে উত্তোলিত বালু বিধি মোতাবেক বিক্রি করে বিক্রয়লব্ধ টাকা সরকারি কোষাগারে জমা করার জন্য অনুরোধ করা হয়। অবৈধভাবে কোন সিএনজি গাড়ী যাতে রাসত্মায় চলাচল করতে না পারে সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ার জন্য অফিসার ইনচার্জ,হাটহাজারী মডেল থানাকে অনুরোধ করেন। ইভটিজিং, মাদক, বাল্য বিবাহ,শটপিছ ক্রিকেট টুর্ণামেন্ট এর বিষয়ে ইউনিয়ন ভিত্তিক সচেতনতামূলক সভা আয়োজন করার জন্য সকল ইউ,পি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। | অবৈধভাবে বালু উত্তোলনকারীদের তালিকা প্রেরণ এবং ইভটিজিং ,মাদক ,বাল্য বিবাহ,শটপিছ ক্রিকেট টুর্ণামেন্ট এর বিষয়ে ইউনিয়ন ভিত্তিক সচেতনতা মূলক সভার আয়োজন করার জন্য সকল ইউ,পি চেয়ারম্যানকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান(সকল)ইউ,পি। |
| ১৪ | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, গত কয়েক দিন পূর্বে বিভিন্ন ইট ভাটায় ভ্রাম্যমান আদালত পরিচালনা করে প্রায় চারলক্ষ টাকা জরিমানা আদায় করা হয়েছে। শিকারপুর ইউ,পিস্থ নজুমিয়াহাট বাজারে রাসত্মার উপর অবৈধ দোকান উচ্ছেদের বিষয়ে কার্যক্রম চুড়ামত্ম পর্যায়ে রয়েছে। যে কোন মুর্হুথে অভিযান পরিচালনা করা হবে। তাছাড়া বাল্য বিবাহের বিষয়ে দাখিলকৃত অভিযোগের প্রেক্ষিতে স্থানীয় ইউ,পি চেয়ারম্যান,সদস্য,কাজী এবং শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানসহ সংশিস্নষ্ট সকলকে বাল্য বিবাহ প্রতিরোধে সচেতন থাকার বিষয়ে পরামর্শ প্রদান করা হয়েছে এবং দাখিলকৃত অভিযোগ প্রযোজ্য ক্ষেত্রে শুনানী/ তদমত্ম কার্য চলমান আছে। বাল্য বিবাহ প্রতিরোধে সকল ইউপি চেয়ারম্যানের সহযোগিতা কামনা করা হয়। | বাল্য বিবাহ,অবৈধ দখলদার উচ্ছেদসহ সার্বিক বিষয়ে মোবাইল কোর্ট অভিযান অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | ১.উপজেলানির্বাহী অফিসার,<br>২.সহকারী কমিশনার (ভূমি),<br>৩.অফিসার ইনচার্জ, হাটহাজারী মডেল থানা । |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বা/-
(মোহাম্মদ মোয়াজ্জম হোসাইন)
উপজেলা নির্বাহী অফিসার
হাটহাজারী,চট্টগ্রাম।

স্মারক নং :০০.৫০৮.০০৬.০০.০২.০২.২০১৫.১৮৯(ক)
তারিখ : ২৯ /০১/২০১৫খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো-

১.ব্যারিস্টার আনিসুল ইসলাম মাহমুদ, মাননীয় মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয় ও মূখ্য উপদেষ্টা,উপজেলা আইন শৃংখলা কমিটি, হাটহাজারী,চট্টগ্রাম।
২.জেলা ম্যাজিস্ট্রেট,চট্টগ্রাম।
৩.পুলিশ সুপার,চট্টগ্রাম।
৪.চেয়ারম্যান,উপজেলা পরিষদ ও উপদেষ্টা, উপজেলা আইন শৃংখলা কমিটি,হাটহাজারী,চট্টগ্রাম।
৫.ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপদেষ্টা, উপজেলা আইন শৃংখলা কমিটি, হাটহাজারী, চট্টগ্রাম।
৬.মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপদেষ্টা, উপজেলা আইন শৃংখলা কমিটি, হাটহাজারী, চট্টগ্রাম।
৭.সহকারী কমিশনার(ভূমি),হাটহাজারী,চট্টগ্রাম.
৮.সহকারী পুলিশ সুপার,হাটহাজারী সার্কেল,হাটহাজারী, চট্টগ্রাম।
৯.উপজেলা--------------------------------------------কর্মকর্তা, হাটহাজারী,চট্টগ্রাম।
১০.অফিসার ইনচার্জ, হাটহাজারী মডেল থানা।
১১.অধ্যক্ষ, হাটহাজারী ডিগ্রী কলেজ, হাটহাজারী,চট্টগ্রাম।
১২. অধ্যক্ষ,জামেয়া অদুদিয়া ফাযিল মাদ্রাসা, হাটহাজারী,চট্টগ্রাম।
১৩.চেয়ারম্যান---------------------------------------ইউনিয়ন পরিষদ(সকল), হাটহাজারী,চট্টগ্রাম।
১৪.কমান্ডার,উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ড,হাটহাজারী,চট্টগ্রাম।
১৫.প্রধান শিক্ষক,হাটহাজারী বালিকা উচ্চ বিদ্যালয়।
১৬.জনাব--------------------------------------------সম্মানিত সদস্য,উপজেলা আইন শৃংখলা কমিটি, হাটহাজারী,চট্টগ্রাম।

স্বা/-
উপজেলা নির্বাহী অফিসার
হাটহাজারী, চট্টগ্রাম।

পরিশিষ্ট-''ক''

21/01/2015 খ্রি: তারিখ অনুষ্ঠিত উপজেলা আইন শৃংখলা কমিটির সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা।

উপস্থিত উপদেষ্টাবৃন্দ:

১. জনাব মাহবুবুল আলম,চেয়ারম্যান,উপজেলা পরিষদ ও উপদেষ্টা, উপজেলা আইন শৃংখলা কমিটি, হাটহাজারী,চট্টগ্রাম।

২. জনাব নাছির উদ্দিন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপদেষ্টা, উপজেলা আইন শৃংখলা কমিটি, হাটহাজারী,চট্টগ্রাম।

৩. জনাব মনোয়ারা বেগম,মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপদেষ্টা, উপজেলা আইন শৃংখলা কমিটি, হাটহাজারী,চট্টগ্রাম।

উপস্থিত ইউ,পি চেয়ারম্যানবৃন্দ:

১.জনাব মো: শাহাদাত ওসমান,চেয়ারম্যান,১নং ফরহাদাবাদ ইউনিয়ন পরিষদ, হাটহাজারী,চট্টগ্রাম ।

২.জনাব আবুল মনছুর চৌং,চেয়ারম্যান,২নং ধলই ইউনিয়ন পরিষদ, হাটহাজারী,চট্টগ্রাম।

৩.চেয়ারম্যান,৪ নং গুমানমর্দ্দন ইউনিয়ন পরিষদ, হাটহাজারী,চট্টগ্রাম এর পক্ষ প্যানেল চেয়ারম্যান

৪.জনাব মুহাম্মদ কামাল উদ্দিন চৌং,চেয়ারম্যান,৫ নং নাঙ্গালমোড়া ইউনিয়ন পরিষদ, হাটহাজারী,চট্টগ্রাম।

৫.জনাব মোহাম্মদ গিয়াস উদ্দিন, চেয়ারম্যান, ৮ নং মেখল ইউনিয়ন পরিষদ, হাটহাজারী,চট্টগ্রাম।

৬.জনাব সৈয়দ ফোরকান আহাম্মদ ,চেয়ারম্যান,৯ নং গড়দুয়ারা ইউনিয়ন পরিষদ, হাটহাজারী,চট্টগ্রাম

৭. জনাব মো:জাকের হোসেন,চেয়ারম্যান,১১নং ফতেপুর ইউনিয়ন পরিষদ, হাটহাজারী,চট্টগ্রাম

৮. জনাব মুহাম্মদ সেলিম,চেয়ারম্যান,১২ নং চিকনদন্ডি ইউনিয়ন পরিষদ, হাটহাজারী,চট্টগ্রাম

৯. জনাব আবুল হোসেন, চেয়ারম্যান,১৩ নং দক্ষিণ মাদার্শা ইউনিয়ন পরিষদ, হাটহাজারী,চট্টগ্রাম

১০.জনাব মো: আবু বক্কর সিদ্দিকী, চেয়ারম্যান,১৪নং শিকারপুর ইউনিয়ন পরিষদ, হাটহাজারী,চট্টগ্রাম

১১.জনাব নুসরাত জাহান, চেয়ারম্যান, ১৫ নং বুডিশ্চর ইউনিয়ন পরিষদ, হাটহাজারী,চট্টগ্রাম।

উপস্থিত কর্মকর্তাবৃন্দ:

১. উপজেলা স্বাস্থ্য ও প:প:কর্মকর্তা, হাটহাজারী,চট্টগ্রাম

২. সহকারী কমিশনার(ভূমি),হাটহাজারী,চট্টগ্রাম

৩. উপজেলা শিক্ষা কর্মকর্তা, হাটহাজারী,চট্টগ্রাম।

৪. অফিসার ইনচার্জ,হাটহাজারী মডেল থানা

৫. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, হাটহাজারী,চট্টগ্রাম।

৬. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, হাটহাজারী,চট্টগ্রাম

৭. উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, হাটহাজারী,চট্টগ্রাম।

উপস্থিত অন্যান্য সদস্যবৃন্দ:

১.এডভোকেট মোহাম্মদ আলী,সভাপতি,উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি,হাটহাজারী।

২.এ্যাডভোকেট বাসমিত্ম প্রভা পালিত ও সদস্য,উপজেলা আইন শৃংখলা কমিটি, হাটহাজারী,চট্টগ্রাম

৩.জনাব আ:এম ইব্রাহিম মিয়া, সদস্য,উপজেলা আইন শৃংখলা কমিটি, হাটহাজারী,চট্টগ্রাম

৪.জনাব দিদারম্নল আলম বাবুল, সদস্য,উপজেলা আইন শৃংখলা কমিটি, হাটহাজারী,চট্টগ্রাম

অনুপস্থিত কর্মকর্তাবৃন্দ:

১.নির্বাহী প্রকৌশলী,বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।

২. রেঞ্জ কর্মকর্তা,হাটহাজারী ফরেষ্ট রেঞ্জ।

৩. ডি,জি,এম, পলস্নী বিদ্যুৎ ,হাটহাজারী জোনাল অফিস

অনুপস্থিত চেয়ারম্যানবৃন্দ:

১.৩ নং মির্জাপুর ইউনিয়ন পরিষদ, হাটহাজারী,চট্টগ্রাম এর পক্ষ প্যানেল চেয়ারম্যান।

২.জনাব মো: আলী আকবর, চেয়ারম্যান,৬ নং ছিপাতলী ইউনিয়ন পরিষদ, হাটহাজারী,চট্টগ্রাম

৩.জনাব মো:রফিকুল কাদের ,চেয়ারম্যান,১০ নং উত্তর মাদার্শা ইউনিয়ন পরিষদ, হাটহাজারী,চট্টগ্রাম

অনুপস্থিত অন্যান্য সদস্যবৃন্দ:

১.জনাব আ:জাফর আহমেদ, সদস্য, উপজেলা আইন শৃংখলা কমিটি হাটহাজারী,চট্টগ্রাম।

২.জনাব মহিন উদ্দিন চৌধুরী, সদস্য, উপজেলা আইন শৃংখলা কমিটি হাটহাজারী,চট্টগ্রাম।

৩.কমান্ডার,হাটহাজারী মুক্তিযোদ্ধা কমান্ড ও সদস্য,উপজেলা আইন শৃংখলা কমিটি, হাটহাজারী,চট্টগ্রাম

৪.প্রধান শিক্ষক,হাটহাজারী বালিকা উচ্চ বিদ্যালয় ও সদস্য,উপজেলা আইন শৃংখলা কমিটি, হাটহাজারী,চট্টগ্রাম

৫.অধ্যক্ষ,জামেয়া অদুদিয়া ফাযিল মাদ্রাসা ও সদস্য,উপজেলা আইন শৃংখলা কমিটি, হাটহাজারী,চট্টগ্রাম।

৬. অধ্যক্ষ,হাটহাজারী ডিগ্রী কলেজ ও সদস্য, উপজেলা আইন শৃংখলা কমিটি, হাটহাজারী,চট্টগ্রাম

------------